যুগান্তর

তারিখ 04 OCT 2016

# রাবির ভর্তি পরীক্ষায় প্রতি আসনে লড়বে ৩৮ শিক্ষার্থী

**রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় এবার প্রতি আসনের বিপরীতে প্রতিদ্বন্দ্বিতা করবে ৩৮ জন ভর্তিচ্ছু। বিশ্ববিদ্যালয়ের নয়টি অনুষদে ৫৬টি বিভাগে কোটা মোট ৪ হাজার ৭১২টি আসনের বিপরীতে ভর্তি আবেদন করেছেন ১ লাখ ৭৮ হাজার ৯৫৯ জন। মোট আসনের মধ্যে ৫৫৪টি মুক্তিযোদ্ধা, পোষ্য কোটা (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান), ক্ষুদ্র নৃ-গোষ্ঠী ও প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত। আবেদন প্রক্রিয়া শেষে সোমবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখার উপ-রেজিস্ট্রার এএইচএম আসলাম হোসেন যুগান্তরকে এ তথ্য জানান। ১৮ সেপ্টেম্বর দুপুর ১২টা থেকে আবেদন শুরু হয়। প্রক্রিয়া চলে ২ অক্টোবর রাত ১২টা পর্যন্ত। এদিকে চলতি শিক্ষাবর্ষে শুধুমাত্র ২০১৬ সালে এইচএসসি পাস করা শিক্ষার্থী ভর্তির জন্য আবেদনের সুযোগ পেয়েছে। এবার দ্বিতীয়বার ভর্তি আবেদনের সুযোগ না থাকলেও বেড়েছে আবেদন সংখ্যা। আবেদনকারীরা ১৬ অক্টোবর থেকে ওয়েবসাইট http://admission.ru.ac.bd থেকে প্রবেশপত্র সংগ্রহ করতে পারবে।